গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় উপপরিচালকের কার্যালয়
প্রাথমিক শিক্ষা, সিলেট বিভাগ, সিলেট।
www.dpe.sylhetdiv.gov.bd

স্মারক নং ৩৮.০১.৬০০০.০০০.২৭.০৭৯.২৫- ২৫৩ তারিখ : ০৪ মার্চ ২০২৬ খ্রি.

## অফিস আদেশ

যেহেতু জনাব ছায়েরা বেগম, সহকারি শিক্ষক, খর্দ্দাপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, গোলাপগঞ্জ, সিলেট এর বিরুদ্ধে পেশা গোপন করে গৃহিনী উল্লেখ করে পাসপোর্ট আবেদন করায় জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সিলেট তার স্মারক নং ৩৮.০১.৯১০০.০০০.০৪.০৯৯.১৯-২৯৪৪(০৬), তারিখ: ১১.১২.২০২৫ মূলে বিভাগীয় মামলায় রায়ে ০১ (এক) বছরের বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত করে লঘুদন্ড প্রদান করেন;

যেহেতু, বর্ণিত শিক্ষক নির্ধারিত সময়ের মধ্যে উক্ত দন্ডাদেশের বিপক্ষে আপিল আবেদন দাখিল করেন;

যেহেতু, গত ০২.০৩.২০২৫ তারিখে শিক্ষকের আপীলের শুনানী গ্রহন করা হয়;

যেহেতু, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার কর্তৃক বিভাগীয় মামলার রায় ও প্রেরিত কাগজপত্র এবং আপিল শুনানীতে শিক্ষকের উপস্থাপিত লিখিত ও মৌখিক জবাব ও সংশ্লিষ্ট তথ্য-উপাত্ত পর্যালোচনা ও বিশ্লেষণক্রমে আরোপিত দন্ডটি সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ২১(গ) মোতাবেক মাত্রাতিরিক্ত হিসেবে প্রতীয়মান হয়েছে।

সেহেতু, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সিলেট এর ১১ ডিসেম্বর ২০২৫ তারিখের স্মারক নং ৩৮.০১.৯১০০.০০০. ০৪.০৯৯.১৯-২৯৪৪(০৬) স্মারকের আদেশটি এতদ্বারা বাতিল করা হলো এবং জনাব ছায়েরা বেগম, সহকারি শিক্ষক, খর্দ্দাপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, গোলাপগঞ্জ, সিলেটকে সতর্ক করে মানবিক কারণে ক্ষমা করা হলো।

03.03.2026

মুহাম্মদ রফিকুল ইসলাম তালুকদার
বিভাগীয় উপপরিচালক
প্রাথমিক শিক্ষা, সিলেট বিভাগ,সিলেট।
☏০২৯৯৬৬৩৪০৪৫
ই-মেইল : ddsylhe@gmail.com

স্মারক নং ৩৮.০১.৬০০০.০০০.২৭.০৭৯.২৫- ২৫৩(৫) তারিখ : ০৪ মার্চ ২০২৬ খ্রি.

৩/৩/২৬

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।
২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সিলেট।
৩। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, গোলাপগঞ্জ, সিলেট।
৪। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, গোলাপগঞ্জ, সিলেট।
৫। জনাব ছায়েরা বেগম, সহকারি শিক্ষক, খর্দ্দাপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, গোলাপগঞ্জ, সিলেট।
৬। সংরক্ষণ নথি।

03.03.2026

মুহাম্মদ রফিকুল ইসলাম তালুকদার
বিভাগীয় উপপরিচালক
প্রাথমিক শিক্ষা, সিলেট বিভাগ,সিলেট।
☏০২৯৯৬৬৩৪০৪৫

৩/৩/২৬